ভোরের কাগজ

তারিখ ... NOV. 11 1999

পৃষ্ঠা ... কলাম ...

# অপরাধের সঙ্গে যুক্ত থাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২ ছাত্রের বিরুদ্ধে ব্যবস্থা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা পরিষদের সভায় গতকাল বুধবার পৃথক তিনটি ঘটনায় যুক্ত থাকার অভিযোগে দুজনকে ২ বছরের জন্য বহিষ্কার এবং ১০ জনকে কারণ দর্শাও নোটিশ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এফ রহমান হলে গত ১৬ জুলাই গুলি করার ঘটনায় যুক্ত থাকার অভিযোগে নূরুল ইসলাম খান এশান (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, ১ম বর্ষ) ও মহিউদ্দিন আহমেদ মুরাদকে (রাষ্ট্রবিজ্ঞান, ১ম বর্ষ) ২ বছরের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে। বিশ্ববিদ্যালয় এলাকায় তারা উভয়েই অবাঞ্ছিত বলে গণ্য হবে। তাদের সঙ্গে জড়িত বহিরাগত ডাবলুকে গ্রেপ্তার করতে পুলিশকে অনুরোধ করা হয়েছে।

মহসীন হলে বহিরাগত সুজন বাহিনীকে আশ্রয় দেওয়ার অভিযোগে ইদ্রিস খান আসিফ, আবুল কাশেম চৌধুরী বশির এবং ইশতিয়াক আহমেদ শিমুলকে,

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৬

## বিশ্ববিদ্যালয়ের ১২ ছাত্র

● প্রথম পাতার পর

বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়। তাদের ১৫ দিনের সময় দিয়ে কেন বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হবে না এ মর্মে শোকজ করার সিদ্ধান্ত নেওয়া হয়।

এ ছাড়া ৭ মাস আগে সূর্যসেন হলের মোহাম্মদ সেলিমকে কুপিয়ে আহত করার দায়ে সাময়িক বহিষ্কৃত ৭ জনের অস্থায়ী বহিষ্কারাদেশ বহাল রাখা হয়েছে। তবে তাদেরও ১৫ দিনের সময় দিয়ে শোকজ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন অনুষদের ডীন, সিন্ডিকেট সদস্য, হল প্রভোস্ট, প্রক্টর, পরীক্ষা নিয়ন্ত্রক প্রমুখ উপস্থিত ছিলেন।